

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৭৩.২৪ নথির বিষয়: Cleaning over head & under ground water reservoir, Cleaning and removing inside rust/iron from existing old GI pipe at lalmatia office building under MODS Zone-03, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Cleaning over head & under ground water reservoir, Cleaning and removing inside rust/iron from existing old GI pipe at lalmatia office building under MODS Zone-03, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/১১/২৪ ৪:০৫ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার লালমাটিয়া পানির ট্যাঙ্ক কম্পাউন্ডে বিদ্যমান ভবনে প্রশিক্ষণ কেন্দ্র, মডস জোন-৩ এবং রাজস্ব জোন-৩ এর অফিসসহ নীচতলায় একটি মসজিদ বিদ্যমান। অত্র অফিস সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীসহ সম্মানিত গ্রাহক ও প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থী হিসাবে ঢাকা ওয়াসার অন্যান্য অফিস থেকে আগত কর্মকর্তা/কর্মচারীগণের ব্যবহারের জন্য প্রতি তলাতে দুটি করে কমন ওয়াসরুম ও অফিস প্রধানদের ব্যবহারের জন্য একটি করে এটাচমেন্ট ওয়াসরুম রয়েছে। এছাড়া নীচতলায় কর্মচারীদের ব্যবহারের জন্য একটি কমন ওয়াসরুম এবং মসজিদের মুসল্লিদের ব্যবহারের জন্য একটি ওজুখানা রয়েছে। উক্ত ওয়াসরুম ও অজুখানায় পানি সরবরাহের জন্য নীচতলায় আনুমানিক ৫০০০(পাঁচ হাজার) লি: ধারণক্ষমতার একটি আন্ডার গ্রাউন্ড রিজার্ভার এবং ১০০০(এক হাজার) লি: ধারণক্ষমতার ৩(তিন)টি ওভারহেড রিজার্ভার রয়েছে। বিদ্যমান রিজার্ভার সমূহ দীর্ঘদিন পরিস্কার না করার কারণে এর ভিতরে আয়রনসহ নানাবিধ সেডিমেন্ট জমে গিয়েছে যা ভবনের প্লাস্টিং সিস্টেম এর সরবরাহ লাইনে প্রবেশ করে পানি প্রবাহে বাধা সৃষ্টি হচ্ছে। এছাড়া ভবনে পানি সরবরাহের লাইন সমূহ জি আই পাইপের হওয়ায় এর অভ্যন্তরে আয়রন জমে পানি প্রবাহের পথ সরু হয়ে গিয়েছে। এর ফলে একদিকে যেমন ওয়াসরুমগুলোতে পানির প্রেসার কমে গিয়েছে অন্য দিকে পানিতে বিভিন্ন ময়লাযুক্ত থাকায় তা ব্যবহারে স্বাস্থ্যঝুঁকি রয়েছে। তাই অত্র অফিস ভবনে বিদ্যমান আন্ডার গ্রাউন্ড ও ওভারহেড রিজার্ভার সহ পানি সরবরাহ লাইন পরিস্কার করা একান্ত প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/১১/২৪ ৪:০৬ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে অত্র অফিস ভবনে বিদ্যমান আন্ডার গ্রাউন্ড ও ওভারহেড রিজার্ভার সহ পানির সরবরাহে লাইন পরিস্কার করণে জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশন এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্রঃ)। এতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট টাঃ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “অফিস বিল্ডিং রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.11.2(2) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি.pdf

২। কোটেশন.pdf

৩। প্রাক্কলন.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/১১/২৪ ৪:০৭ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Cleaning over head & under ground water reservoir, Cleaning and removing inside rust/iron from existing old GI pipe at lalmatia office building under MODS Zone-03, Dhaka WASA কাজ এর জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা মাত্র এর অনুমোদন।

খ) জনস্বার্থে কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “অফিস বিল্ডিং রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.11.2(2) হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

২৪/১১/২৪ ৪:২১ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২৫/১১/২৪ ৪:৫৮ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৫/১১/২৪ ৭:৪৯ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৩

২৭/১১/২৪ ১১:২৪ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

২৭/১১/২৪ ১১:২৪ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/১১/২৪ ৯:৫০ অপরাহ্ন
Okay



২৭/১১/২৪ ৯:৫১ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৮/১১/২৪ ৬:৩৪ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১



২৮/১১/২৪ ৯:৫৭ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৩

২৮/১১/২৪ ৯:৫৭ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩